

মাসঃ জুন

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির জুন/২০২২ মাসের সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব মোঃ মশিউর রহমান মৃধা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর।
স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর এর কার্যালয়।
তারিখ : ০৫/০৬/২০২২ খ্রি:।
সময় : বেলা ১১:০০ টা।

সভায় উপস্থিতিঃ পরিশিষ্ট ক-তে সংযোজিত।

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর এর অফিসকক্ষে ০৫/০৬/২০২২ খ্রি: তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সবার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতির সম্মতিক্রমে সদস্য সচিব উপজেলা শিক্ষা অফিসার, ভাঙ্গারিয়া, পিরোজপুর বিগত সভার মন্তব্য পাঠ করে শোনান এবং সকলের সম্মতিক্রমে কোন সংশোধনী ছাড়াই সভায় দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নে বর্ণিত বিষয় সমূহ বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	মাইনর মেরামতের কাজ পরিদর্শন	২০২১-২০২২ অর্থবছরে ৪৩ টি বিদ্যালয়ে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মাইনর মেরামতের কাজ প্রাক্কলন মোতাবেক যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য সভায় আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। ১। স্থায়ী কমিটির সদস্যগণ সরজমিনে বিদ্যালয়গুলো পরিদর্শন করে উপজেলা শিক্ষা অফিসারের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়। ২। সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ মাইনর মেরামতের কাজ যাচাই করে ইউইও এর নিকট প্রতিবেদন দাখিল করবেন।	স্থায়ী কমিটির সদস্য ও সংশ্লিষ্ট ক্লাস্টারের এইউইও
০২	টিম ভিজিটের মাধ্যমে বিদ্যালয় পরিদর্শনের অগ্রগতি।	টিম গঠন করে ইতোমধ্যে ইকড়ি ক্লাস্টারের কিছু বিদ্যালয় পরিদর্শনে করে ইউইও এর নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে যে সকল অনিয়ম পরিলক্ষিত হয় তা সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। ১। স্থায়ী কমিটির সদস্যগণ, ইউইও, এইউইও নিয়ে টিম গঠন করে বিদ্যালয় পরিদর্শনকালে প্রতীয়মান হয় যে, কিছু সংখ্যক শিক্ষক আছেন যারা নির্ধারিত সময়ে বিদ্যালয়ে আগমন ও প্রস্থান করেন না। বিদ্যালয় চলাকালীন সময় বাহিরে অবস্থান করে এবং নির্ধারিত সময়ের পূর্বে বিদ্যালয় ছুটি দেন। এসকল শিক্ষকদের বিরুদ্ধে কৈফিয়ত তলবের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। পরিদর্শনের দিন অনেক বিদ্যালয় ছাত্র/ছাত্রী উপস্থিতি কম দেখা যায়। উপস্থিতি বাড়াতে হোমভিজিট করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। বিদ্যালয়ের অফিস কক্ষ, শ্রেণি কক্ষসহ আঙ্গিনা ভালভাবে পরিষ্কার, পরিচ্ছন্ন করা নেই। বিদ্যালয়ের অফিস কক্ষ, শ্রেণি কক্ষসহ আঙ্গিনা ভালভাবে পরিষ্কার, পরিচ্ছন্ন রাখার জন্য শিক্ষকদের নজরদারী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	স্থায়ী কমিটির সদস্য ও সংশ্লিষ্ট ক্লাস্টারের এইউইও
০৩	Slip এর কার্যক্রম মনিটরিং	২০২১-২০২২ অর্থবছরের Slip এর ২য় কিস্তির বরাদ্দকৃত অর্থ বিদ্যালয় পর্যায়ে ছাড় করা হয়েছে। প্রতিটি বিদ্যালয়ে Slip এর অনুমোদিত প্লান রয়েছে। সে প্লান অনুযায়ী Slip এর অর্থ ব্যয় করা হয়েছে কিনা সেটি সরজমিনে মনিটরিং করা প্রয়োজন বলে আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। ১। স্থায়ী কমিটির সদস্যগণ দৈবচয়নের ভিত্তিতে কিছু বিদ্যালয় পরিদর্শন করবেন। ২। এইউইও গণ প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করে উপজেলা শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন দাখিল করবেন।	স্থায়ী কমিটির সদস্য ও সংশ্লিষ্ট ক্লাস্টারের এইউইও

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মশিউর রহমান মৃধা)

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ভাণ্ডারিয়া, পিরোজপুর।

স্মারক নং :-উ:শি:অ:/ভাণ্ডা/৪৬৪/৩

তারিখ : ০৫/০৬/২০২২ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
- ৩। জনাব সদস্য প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ভাণ্ডারিয়া, পিরোজপুর।
- ৪। সংরক্ষণ নথি।



(মোঃ নাছির উদ্দিন খলিফা)

সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:)

ভাণ্ডারিয়া, পিরোজপুর।

ଉପସ୍ଥିତ ସଭ୍ୟମାନଙ୍କ ନାମ ଓ ସାକ୍ଷରତା

କ୍ରମିକ	ନାମ ଓ ନାମ	ସାକ୍ଷରତା
୦୧	ଶ୍ରୀମତୀ ଚେଧାବତୀ, ଉତ୍କଳ ଉନ୍ନୟନ ସଂସ୍ଥା, ଉତ୍କଳବିଦ୍ୟାଳୟ, ନିତୋକପୁର	5.6.22
୦୨	ଜନାବ - ମିନିକୃଷ୍ଣ ବସନ୍ତ (ପୁଅ) ଶ୍ରୀ ଚେଧାବତୀ, ଉତ୍କଳ ଉନ୍ନୟନ ସଂସ୍ଥା, ଉତ୍କଳବିଦ୍ୟାଳୟ, ନିତୋକପୁର	5.6.22
୦୩	ଜନାବ ଶ୍ରୀ. ମନିକୃଷ୍ଣ ବସନ୍ତ ପୁଅ ଶ୍ରୀ ଚେଧାବତୀ, ଉତ୍କଳ ଉନ୍ନୟନ ସଂସ୍ଥା, ଉତ୍କଳବିଦ୍ୟାଳୟ, ନିତୋକପୁର	
୦୪	ଜନାବ କାମନାକାନ୍ତ ଶ୍ରୀ ଚେଧାବତୀ, ଉତ୍କଳ ଉନ୍ନୟନ ସଂସ୍ଥା, ଉତ୍କଳବିଦ୍ୟାଳୟ, ନିତୋକପୁର	5.6.22
୦୫		
୦୬		
୦୭		
୦୮		
୦୯	ଉତ୍କଳ ଉନ୍ନୟନ ସଂସ୍ଥା, ଉତ୍କଳବିଦ୍ୟାଳୟ, ନିତୋକପୁର	01/6/22

ଆଲୋଚନା ବିଷୟ

- ୧) ସମସ୍ତଙ୍କୁ ସେବାକ୍ରମରେ ନିଜ ନିର୍ଦ୍ଦେଶନା
- ୨) ନିଜ ନିର୍ଦ୍ଦେଶନା ସମ୍ପର୍କରେ ବିକଳ ଶୁଦ୍ଧି କମିଟିର କାର୍ଯ୍ୟାଳୟ
- ୩) SLIP ଏବଂ ନିର୍ଦ୍ଦେଶନା ସମ୍ପର୍କରେ ନିଜ ନିର୍ଦ୍ଦେଶନା
- ୪) ନିର୍ଦ୍ଦେଶନା